
হাদির মৃত্যুকে কেন্দ্র করে মব বাহিনীর ভয়ে বসুন্ধরায় সাময়িক গেট বন্ধ



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির মর্মান্তিক মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পর রাজধানীসহ সারাদেশে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। গতকাল থেকে বিভিন্ন স্থানে বিক্ষোভ, অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনা ঘটছে। মব বাহিনীর সম্ভাব্য হামলার আশঙ্কায় ও সার্বিক নিরাপত্তাজনিত কারণে আজ বসুন্ধরা গেট সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে।

এদিকে, হাদির মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পর দেশের শীর্ষ দুই গণমাধ্যম প্রথম আলো ও ডেইলি স্টারের কারওয়ান বাজারস্থ অফিসে বিক্ষুব্ধ জনতা হামলা চালায়। গতকাল বৃহস্পতিবার রাতে সংঘটিত এ হামলায় হামলাকারীরা পত্রিকা দুটি অফিসে আগুন ধরিয়ে দেয় এবং ভেতরে থাকা বিভিন্ন মূল্যবান সম্পদ লুটপাট করে। এ সময় অফিসে দায়িত্বরত অনেক সাংবাদিক ও কর্মচারী আতঙ্কের মধ্যে ভেতরে আটকা পড়েন।

পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে সেনাবাহিনী দ্রুত ঘটনাস্থলে পৌঁছে অভিযান পরিচালনা করে এবং আটকা পড়া সাংবাদিক ও কর্মচারীদের নিরাপদে উদ্ধার করে। ঘটনার পর ওই এলাকায় অতিরিক্ত আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন করা হয়েছে।

এদিকে, হাদির মৃত্যুকে কেন্দ্র করে রাজধানীর পাশাপাশি বিভিন্ন জেলায় সড়ক অবরোধ, অগ্নিসংযোগ ও সহিংসতার খবর পাওয়া গেছে। জননিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসন সতর্ক অবস্থানে রয়েছে এবং গুরুত্বপূর্ণ স্থাপনায় নিরাপত্তা জোরদার করা হয়েছে।

উল্লেখ্য, শরিফ ওসমান হাদি গুলিবিদ্ধ হয়ে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) রাত পৌনে ১০টার দিকে তিনি শাহাদাত বরণ করেন। তার মৃত্যুকে কেন্দ্র করেই সারাদেশে এই অস্থির পরিস্থিতির সৃষ্টি হয়েছে।